

152

### ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের ভবিষ্যত কি?

ঢাকা বিশ্ববিদ্যালয়কে প্রাচ্যের অক্সফোর্ড বলা হয়। সেই বিশ্ববিদ্যালয়ের নৃবিজ্ঞান বিভাগের অনার্স ফাইনাল পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হয় কি করে? আমি এক জন রেগুলার ছাত্রের মা। আমার ছেলে এবার এই ডিপার্টমেন্ট থেকে অনার্স পরীক্ষার্থী। তাদের ৩য় ও ৪র্থ পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হয়ে গেছে। ৪র্থ পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের প্রমাণ পাওয়ায় শিক্ষকরা পরীক্ষা বাতিল করেন। এখন নতুন প্রশ্ন প্রণয়ন না করেই বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কি করে পরবর্তী পরীক্ষাগুলো নেবার চিন্তাভাবনা করেন, বোধগম্য নয়। বিশ্ববিদ্যালয়ের ভিসি ঘটনা ফাঁস করতে চাচ্ছেন না কারণ, এতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাবমূর্তি বাকি নষ্ট হবে। এদিকে যে শিক্ষককে কেন্দ্র করে এই ঘটনা ঘটেছে, তিনি তাঁর আদরের ছাত্রদের দ্বারা অন্য ছাত্রদের হুমকি দিচ্ছেন যে, তিনি পরবর্তী বছরে সিনিয়র প্রফেসর হিসাবে জয়েন করে সবাইকে দেখে নেবেন। আমি এক ছাত্রের মা। আমি কার কাছে বিচার চাইব? আমার ছেলে কেন ডিপ্রেসড থাকে, এর জন্য দায়ী কে বা কারা? যাদের কোন লজ্জাই নেই, তাদের আবার লজ্জা ঢাকার চেষ্টা কেন, যেখানে কোন ছাত্রী সন্ত্রাসের সাথে থাকতে পারে না, সেই বিশ্ববিদ্যালয়ের ভিসির এত লজ্জা কিসের? এটা সত্যি যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রশ্নপত্র ফাঁস হওয়া নতুন কোন ঘটনা নয়। তাকে লজ্জা পেতে দেখলে আমরা কোথায় যাই। আদর্শের লেবাস খুলে নিজ দায়িত্ব পালন করুন। সংসাহসে বলুন, আর কখনও এরকম ঘটনা ঘটতে দেয়া হবে না।

মিসেস শোভা মিত্র  
ঢাকা।